

খানজাহান আলী/জুবলী, কামাক্ষ্যাচরণ ও ছাত্রী নিবাস  
সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

আবাসিক শিক্ষার্থীদের জন্য আবশ্যিক পালনীয় শর্তসমূহ

১. শিক্ষার্থীদেরকে তাদের আসন (সিট) এর জন্য নির্ধারিত বরাদ্দ ফি (Allotment fee) যথাসময়ে জমা দিতে হবে।
২. শিক্ষার্থীরা কক্ষে এবং হোস্টেলে সকলের সাথে সৌহার্দপূর্ণ আচরণ করবে।
৩. হোস্টেলে কোন র্যাগিং করা যাবে না। জুনিয়ররা সিনিয়রদের সম্মান করবে, সিনিয়ররা জুনিয়রদের ল্লেহ করবে।
৪. সন্ধ্যার পর শিক্ষার্থীরা কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত ছাত্রাবাস-এর বাইরে থাকতে বা রাত্রিযাপন করতে পারবে না।
৫. কোন শিক্ষার্থী হোস্টেল তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া বাসা/বাড়িতে যেতে পারবে না।
৬. হোস্টেলের বাইরে কক্ষের ভিতর উচ্চস্বরে কথা বলা বা ঝগড়া করা যাবে না। জরুরি প্রয়োজন ছাড়া মোবাইল ফোন ব্যবহার করা যাবে না।
৭. অভিভাবকদের সঙ্গে বিকাল ৫.০০ ঘটিকার পূর্বে স্বাক্ষাৎ করা যাবে। বিকাল ৫.০০ ঘটিকার পরে অভিভাবকদের সাথে স্বাক্ষাৎ করা যাবে না।
৮. হোস্টেলে আবাসিক শিক্ষার্থী ব্যতীত বহিরাগত কেউ কারও কক্ষে প্রবেশ করতে পারবে না; এমনকি এই কলেজের শিক্ষার্থীও প্রবেশ করতে পারবে না।
৯. হোস্টেলে ইলেক্ট্রিক, ওভেন, রাইচ কুকার, টিভি, ফ্রিজ ইত্যাদি ব্যবহার করা যাবে না।
১০. সন্ত্রাস বা জঙ্গিবাদের সাথে সম্পৃক্ত হওয়া যাবে না। এর সঙ্গে সম্পৃক্ত এমন কোন বই, লিফলেট বা কোন সরঞ্জামাদি হোস্টেল সংরক্ষণ করা যাবে না।
১১. হোস্টেলের কোন শিক্ষার্থীর দীর্ঘ মেয়াদী অসুস্থতা বা ছোঁয়াছে রোগ থাকলে তা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
১২. হোস্টেলের কোন শিক্ষার্থী নিয়মিত ক্লাসে অনুপস্থিত থাকলে, পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অনুত্তীর্ণ হলে বা একাধারে ১৫ দিন হলে অনুপস্থিত থাকলে তার আসন (সিট) বাতিল করা হবে।
১৩. জাতীয় দিবস, ক্রীড়া প্রতিযোগিতাসহ অন্যান্য সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠানে নির্ধারিত সময়ে উপস্থিত থাকা বাধ্যতামূলক।
১৪. হোস্টেলে অযথা আড্ডা দেয়া যাবে না বা অন্য কক্ষে অপ্রয়োজনে যাওয়া যাবে না।
১৫. বিবাহিত শিক্ষার্থীদের হোস্টেলে আসন (সিট) দেয়া যাবে না। বিবাহের তথ্য গোপন করলে কিংবা হোস্টেলে অবস্থানকালে বিয়ে করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার আসন (সিট) বাতিল করা হবে এবং তথ্য গোপনের অভিযোগে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৬. আবাসিক পরিচয়পত্র সার্বক্ষণিক সঙ্গে রাখতে হবে। কলেজ কর্তৃপক্ষ, হোস্টেল তত্ত্বাবধায়ক/সহকারী তত্ত্বাবধায়ক বা প্রয়োজনে অন্য কোন আইন-শৃংখলা রক্ষা বাহিনীকে তা প্রদর্শনে বাধ্য থাকবে।
১৭. সন্দেহের সৃষ্টি হয় এমন কোন দ্রব্য কক্ষে রাখা যাবে না।
১৮. হোস্টেল সম্পূর্ণ ধূমপান ও মাদকমুক্ত। হোস্টেলে কেউ কোন প্রকার ধূমপান বা মাদক গ্রহণ করলে তার আসন (সিট) বাতিল করা হবে।
১৯. বরাদ্দকৃত কক্ষসমূহ শিক্ষার্থীরা নিজ নিজ উদ্যোগে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে এবং অনুপস্থিতিকালীন কক্ষ/বারান্দা/ওয়াশরুমের লাইট/ফ্যান এবং পানির ট্যাপ ইত্যাদি বন্ধ রাখতে হবে।

শর্তসমূহ পড়ে ও বুঝে স্বাক্ষর করলাম।

স্বাক্ষর:

নাম: \_\_\_\_\_